

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
নাটোর সদর, নাটোর।

-ঃ ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি ঃ-

খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা'র, ০৮/০২/২০১১ তারিখের খাদ্যব্যয়/খাবি/সর-১/রেশন-০১/১১/৬৪ নং স্মারক ও আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী বিভাগ, রাজশাহী'র ০৮/০২/২০১১ তারিখের ৩৬৬ (১১)/আখানি/রাজ/ওএমএস/মজুদ/২০১০ নং স্মারকাদেশ এবং উপজেলা খাদ্য বান্ধব কমিটি'র ০১/০২/২০২২ খ্রি: তারিখের স্মারক নং- ৮৬ এবং ১০/০২/২০২২ খ্রি: তারিখের, ১০৬ নং স্মারকের সভার সিদ্ধান্ত মোতাবেক বাগাতিপাড়া উপজেলার পাকা ও জামনগর ইউনিয়নের ট্রেড লাইসেন্সধারী ব্যবসায়ীগণকে জানানো যাচ্ছে যে, নিম্নেউল্লিখিত ইউনিয়নে সরকার নির্ধারিত মূল্যে কার্ডের মাধ্যমে খাদ্যশস্য বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্ত স্বাপেক্ষে ডিলার নিয়োগের নিমিত্তে আগামী ২৪/০২/২০২২ খ্রি: তারিখে দুপুর ১.০০ ঘটিকার মধ্যে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বাগাতিপাড়া ও সদস্য সচিব, ডিলার নিয়োগ কমিটি, বাগাতিপাড়া, নাটোর বরাবর খামবন্ধী আবেদনপত্র আহবান করা যাচ্ছে। উল্লেখ্য যে, আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া, নাটোর ও সভাপতি, উপজেলা খাদ্য বান্ধব কমিটি এর কার্যালয়ে রক্ষিত বাস্তবে (২৪/০২/২০২২ খ্রি:) তারিখে দুপুর ১.০০ ঘটিকার মধ্যে) জমা দিতে হবে এবং সেই দিনই বিকাল ৩.০০ ঘটিকায় যাচাই-বাছাই অস্ত্রে ডিলার নিয়োগ দেওয়া হবে।

ক্রঃ নং	ইউনিয়নের নাম	বিক্রয়কেন্দ্র	মন্তব্য
০১	পাকা	একডালা বাজার	
০২	জামনগর	বাঁশবাড়ীয়া বাজার	

**শর্তাবলী ঃ-**

- আবেদনকারীকে বাগাতিপাড়া উপজেলার পাকা ও জামনগর ইউনিয়নের নাগরিক হতে হবে এবং তার বয়স কমপক্ষে ১৮ বছর হতে হবে। এর স্বপক্ষে ইউপি চেয়ারম্যান কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
- বিক্রয়কেন্দ্রে আবেদনকারীর নিজস্ব/ভাড়া দোকানঘর থাকতে হবে। দোকানঘরের মেঝে পাকা হতে হবে এবং খাদ্যশস্য নিরাপদ সংরক্ষণের উপযুক্ত হতে হবে। দোকানঘরে একসঙ্গে কমপক্ষে ১৫.০০০ মেঃ টন খাদ্যশস্য সংরক্ষণের সু-ব্যবস্থা থাকতে হবে। দোকান ঘরের মালিকানা স্বত্ব এর স্বাপেক্ষে দলিল/বৈধ কাগজপত্র সংযুক্ত করতে হবে। ভাড়া দোকানঘর হলে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প চুক্তিপত্রের মূলকপি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।
- আবেদনকারীর নামে ট্রেড লাইসেন্স থাকতে হবে এবং আবেদনপত্রের সাথে ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
- আবেদনকারীকে আর্থিক দিক থেকে স্বচ্ছল হতে হবে এবং এর স্বপক্ষে ব্যাংক ব্যবস্থাপক কর্তৃক আর্থিক স্বচ্ছলতার সনদপত্রের মূলকপি জমা দিতে হবে।
- আবেদনকারীকে মালামালের হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে।
- কোন প্রতিষ্ঠানের শাস্তিপ্রাপ্ত/কালো তালিকাভুক্ত/ বাতিল করা বা সাময়িক বরখাস্ত করা ব্যক্তি/জনপ্রতিনিধি আবেদন করতে পারবেন না।
- আবেদনপত্রের সাথে ০৩ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।
- আবেদনকারীকে আবেদনপত্রে বিক্রয়কেন্দ্রের ঠিকানা উল্লেখ করতে হবে এবং যোগাযোগের জন্য পূর্ণ ঠিকানা ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
- আবেদনকারী ডিলার নিয়োগ স্বাপেক্ষে পে-অর্ডারের মাধ্যমে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বাগাতিপাড়া, নাটোর বরাবর ২০,০০০/- (বিশ হাজার) টাকার জামানত জমা দিতে হবে এবং ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প সরকার নির্ধারিত ফরমে অঙ্গীকারনামা প্রদান করতে হবে।

আবেদনের সহিত উপরোল্লিখিত শর্তাবলীর সংশ্লিষ্ট কাগজপত্র সংযুক্ত করতে হবে। ডিলার নিয়োগ কমিটি কর্তৃক এ নিয়োগ চূড়ান্ত করা হবে। বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখ ও সময়ের পূর্বে/পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

(মোঃ রেজাউল করিম)

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

বাগাতিপাড়া, নাটোর

ও

সদস্য সচিব

ইউনিয়ন খাদ্য বান্ধব ডিলার নিয়োগ কমিটি

বাগাতিপাড়া, নাটোর।